

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং-০১

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৪
১৪ আশ্বিন ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

‘১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম’ এর তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০১ ও ০৫ জানুয়ারি ২০২২ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলার এর মাধ্যমে ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। এক্ষেত্রে, স্কিমের ক্রমবর্ধমান চাহিদা, ২০২৪ সালের প্রাকৃতিক দুর্যোগে (বন্যায়) ক্ষতিগ্রস্ত মোট ২৭টি (ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ, জামালপুর, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, নেত্রকোনা, খাগড়াছড়ি, রাঙামাটি, সিলেট, চট্টগ্রাম, কক্সবাজার, যশোর, সাতক্ষীরা, বাগেরহাট) জেলাসহ অন্যান্য বন্যাদুর্গত এলাকার জনগণকে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান, প্রান্তিক জনগোষ্ঠী তথা নারীদের জন্য ব্যাংক ঋণের সহজলভ্যতার পথ সুগম রাখা ও আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ সর্বোপরি দেশের প্রান্তিক জনগোষ্ঠীকে আয় উৎসারী কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মাধ্যমে দেশের অর্থনীতিকে চলমান রাখার নিমিত্তে উক্ত তহবিলের পরিমাণ বৃদ্ধি করে ৭৫০ (সাতশত পঞ্চাশ) কোটি টাকায় উন্নীত করা হলো।

৩। এ স্কিমের আওতায় মোট ঋণের ন্যূনতম ২৫ শতাংশ নারী ঋণগ্রহীতা/উদ্যোক্তাদের মাঝে বিতরণ করতে হবে। এছাড়া, তৃতীয় লিঙ্গের গ্রাহকরাও এ ঋণ সুবিধা পাবে।

৪। উল্লিখিত সার্কুলারের ৩.১৪(মনিটরিং) অনুচ্ছেদ এর সংযোজনী-‘ক’ এতদসংযুক্ত সংযোজনী-‘ক’ দ্বারা প্রতিস্থাপিত হবে।

৫। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটার এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইকবাল মহসীন)
পরিচালক (এফআইডি)
ফোন : ০২-৯৫৩০৩৪৩

“১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী,
স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম” এর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন
ব্যাংকের নাম:
সময়কাল: মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর, ২০..

১. স্বনির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা:.... লক্ষ টাকা।

২. হালনাগাদ তথ্যাদি:

ক্রমিক নং	ঋণ গ্রহীতা	চলতি ত্রৈমাসিকে ঋণ বিতরণ			চলতি বছরের শুরু হতে মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর ত্রৈমাসিক পর্যন্ত পুঞ্জীভূত ঋণ			কিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত মোট বিতরণকৃত পুঞ্জীভূত ঋণ			কিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত ঋণের স্থিতি (গ্রাহক পর্যায়ে) পরিমাণ (লক্ষ টাকা)			
		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা			পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা			পরিমাণ (লক্ষ টাকা)		গ্রাহকের সংখ্যা		
			পুরুষ	মহিলা	তৃতীয় লিঙ্গ		পুরুষ	মহিলা	তৃতীয় লিঙ্গ			পুরুষ	মহিলা	তৃতীয় লিঙ্গ
১	কৃষক													
২	নিম্ন আয়ের পেশাজীবী													
৩	ক্ষুদ্র উদ্যোক্তা (আয় উৎসারী কর্মকাণ্ড)													
৪	স্কুল ব্যাংকিং হিসাব ধারী (প্রশিক্ষণ)													
৫	স্কুল ব্যাংকিং হিসাবধারী (শিক্ষা উপকরণ)													
৬	স্কুল ব্যাংকিং হিসাবধারী (আয়-উৎসারী কর্মকাণ্ড)													
৭	অন্যান্য													
	সর্বমোট-													

৪. লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপসমূহ:

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর:

নাম:
পদবী:
মোবাইল:
ই-মেইল:

আর্থিক অন্তর্ভুক্তি সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তার স্বাক্ষর:

নাম:
পদবী:
মোবাইল:
ই-মেইল: